

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১৯/১০/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট ৫২৪১৯.০০ লক্ষ টাকা (অননুন্নয়ন ২০৩৬৯.০০ লক্ষ টাকা+ উন্নয়ন ৩২০৫০.০০ লক্ষ টাকা)। উল্লেখ্য, ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত ৫টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৩০৮৭৪.০০ লক্ষ টাকা এবং অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ১১৭৬.০০ লক্ষ টাকা থোক বরাদ্দ রয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৫টি এবং অননুমোদিত ১৫টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৭৭১৮.৫০ লক্ষ টাকা (২৪.৮৩%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৬৭৩০.৪১ লক্ষ টাকা (২১.৬৫%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p><b>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পঃ</b> সভায় জানানো হয় যে, বিগত আগস্ট ২০১৬ মাসের প্রকল্প পর্যালোচনা সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তাবকৃত প্রাথমিক বিদ্যালয়ের জন্য বাংলা, ইংরেজী, অংক, আরবী ইত্যাদি বই এর অনুমোদন NCCC (জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি-প্রাথমিক শিক্ষা) হতে গ্রহণের পর প্রকল্প সংশোধনের প্রস্তাব প্রেরণ করতে হবে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে, প্রকল্পের আওতায় প্রস্তাবকৃত প্রাথমিক বিদ্যালয়ের জন্য বাংলা, ইংরেজী, অংক, আরবী ইত্যাদি বই এর অনুমোদন NCCC (জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি-প্রাথমিক শিক্ষা) হতে গ্রহণ না করা হলে ছাত্র-ছাত্রীদের প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ এবং ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হবে। প্রকল্পের কারিকুলাম কমিটি থাকলেও উক্ত কমিটির অনুমোদনক্রমে প্রাথমিক বিদ্যালয়ের পুস্তক চূড়ান্ত করা যাবে না। মন্ত্রী মহোদয় এ বক্তব্যের সাথে একমত পোষণ করে অভিমত ব্যক্ত করেন যে, ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রস্তুতকৃত বাংলা, ইংরেজী, অংক, আরবী ইত্যাদি বই এর অনুমোদন NCCC (জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি-প্রাথমিক শিক্ষা) হতে গ্রহণের পর প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ যুক্তিসংগত হবে। সভায় আরও আলোচনা হয় যে, প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের তালিকার সফট কপি আগামী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তবে ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ ২০১৭ শিক্ষাবর্ষে করা হবে।</p>	<p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তাবকৃত প্রাথমিক বিদ্যালয়ের জন্য বাংলা, ইংরেজী, অংক, আরবী ইত্যাদি বই এর অনুমোদন NCCC (জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি-প্রাথমিক শিক্ষা) হতে গ্রহণের পর প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p> <p>খ) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের তালিকার সফট কপি আগামী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া, ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ ২০১৭ শিক্ষাবর্ষে করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p> <p>ঐ</p>

(চলমান পৃঃ/২)

৩.২	<p><b>“মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” প্রকল্পঃ</b> সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা ওয়েব-সাইটে প্রদান করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। স্টিয়ারিং কমিটি ও নিয়োগ/বাছাই কমিটি-১ এর সভা আহবানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে।</p>	<p>“মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও নিয়োগ/বাছাই কমিটি-১ এর সভা অনুষ্ঠানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক</p>
৩.৩	<p><b>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পঃ</b> সভায় আলোচনা হয় যে, প্রকল্পটি সংশোধনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তবে প্রশিক্ষণ বাবদ যে অর্থ ডিপিপিতে ধরা আছে, যোগের ভুলের কারণে প্রশিক্ষণ খাতে সে অনুযায়ী বরাদ্দ প্রদান করা হয়নি। সভাপতির প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, প্রতি ব্যাচে ২৫ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সভাপতি প্রতি ব্যাচে প্রশিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়টি বিবেচনা, সংশোধিত ডিপিপিতে প্রশিক্ষণ বাবদ বরাদ্দ যথাযথভাবে প্রতিফলন এবং প্রকল্পের অন্যান্য যে সকল বিষয় সংশোধন করা প্রয়োজন তার সবগুলো সংশোধিত প্রকল্প প্রস্তাবে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের প্রতি ব্যাচে প্রশিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়টি বিবেচনা, সংশোধিত ডিপিপিতে প্রশিক্ষণ বাবদ বরাদ্দ যথাযথভাবে প্রতিফলন এবং প্রকল্পের অন্যান্য যে সকল বিষয় সংশোধন করা প্রয়োজন তার সবগুলো সংশোধিত প্রকল্প প্রস্তাবে অন্তর্ভুক্ত করে প্রকল্প সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p>
৩.৪	<p><b>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পঃ</b> সভায় আলোচনা হয় যে, প্রকল্পটির আওতায় ৫ জেলায় শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন কার্যক্রম বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং মন্ত্রণালয় হতে জোরদার করতে হবে।</p>	<p>“প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন কার্যক্রম বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং মন্ত্রণালয় হতে জোরদার করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p>
৩.৫	<p><b>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পঃ</b> সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে জিওবি খাতে ২০০.০০ লক্ষ টাকা পরিকল্পনা কমিশন কর্তৃক বরাদ্দ প্রদান করা হয়েছে, উক্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা দরকার। সরকারি নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রকল্পের জনবল নিয়োগ সম্পন্ন করা হবে। পুস্তক মুদ্রণের লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ শুরু করা হয়েছে।</p>	<p>ক) ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) সরকারি নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রকল্পের জনবল নিয়োগ ও পুস্তক মুদ্রণের কাজ দ্রুত শুরু করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক ঐ</p>
৩.৬	<p><b>জেলা/উপজেলা ভিত্তিক ১টি করে মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবন স্থাপন প্রকল্প (১ম পর্যায়) :</b> মন্ত্রী মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, জেলা ও উপজেলা মডেল মসজিদ নির্মাণ প্রকল্পটির বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। কোথাও কোন অসুবিধার সম্মুখীন হলে মন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে।</p>	<p>জেলা ও উপজেলা মডেল মসজিদ নির্মাণ প্রকল্পটির বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। কোথাও কোন অসুবিধার সম্মুখীন হলে মন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।</p>
৩.৭	<p><b>“২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৫টি ফ্লোর নির্মাণ” প্রকল্প :</b> সভায় জানানো হয় যে, ওয়াক্ফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পের বিষয়ে অর্থ বিভাগের মনিটরিং সেলের চাহিত তথ্যাদি নির্ধারিত ছকে অর্থ বিভাগে প্রেরণের জন্য মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সভাপতি অর্থ বিভাগের চাহিত তথ্যাদি অতিদ্রুত প্রেরণ এবং ছাড়পত্র গ্রহণের বিষয়ে ওয়াক্ফ প্রশাসক এবং মন্ত্রণালয়ের উপ সচিব(উন্নয়ন)-কে মনিটরিং সেলের সাথে যোগাযোগ রক্ষার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>“২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৫টি ফ্লোর নির্মাণ” প্রকল্পের বিষয়ে অর্থ বিভাগের চাহিত তথ্যাদি অতিদ্রুত প্রেরণ এবং ছাড়পত্র গ্রহণের বিষয়ে ওয়াক্ফ প্রশাসক এবং মন্ত্রণালয়ের উপ সচিব(উন্নয়ন) মনিটরিং সেলের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন।</p>	<p>ওয়াক্ফ প্রশাসক ও উপ সচিব (উন্নয়ন) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।</p>



৩.৭	<p><b>বিবিধ :</b> সভায় আলোচনা হয় যে, প্রকল্পের আওতায় নতুন জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের পূর্বে মন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে। এছাড়া, ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী নির্মাণের স্থান নির্ধারণ সংক্রান্ত বিষয়ে পরিচালক (পরিকল্পনা) ইসলামিক ফাউন্ডেশন মন্ত্রী মহোদয়ের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন। প্রয়োজনে ময়মনসিংহে সফর করে সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করবেন এবং জমির মালিক ও সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করবেন। প্রকল্পের কর্ম-পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করতে হবে। প্রকল্পের ফলাফল যাতে জনগণ পায় সে বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে তাঁর নির্ধারিত কাজ সরকারী নিয়ম-নীতি অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।</p>	<p>ক) প্রকল্পের আওতায় নতুন জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের পূর্বে মন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে। খ) ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী নির্মাণের স্থান নির্ধারণ সংক্রান্ত বিষয়ে পরিচালক (পরিকল্পনা) ইসলামিক ফাউন্ডেশন মন্ত্রী মহোদয়ের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন। গ) প্রকল্পের কর্ম-পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করতে হবে। ঘ) প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে তাঁর নির্ধারিত কাজ সরকারের নিয়ম-নীতি অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।</p>	প্রকল্প পরিচালক (সকল)
-----	--	---	-----------------------

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-৩১/১০/২০১৬ খ্রিঃ

অধ্যক্ষ মতিউর রহমান

মন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/১১৩৩

তারিখঃ ০২.১১.২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)
- ০৩। যুগ্ম-সচিব(প্রশাসন/সংস্থা/উন্নয়ন/হুজ্জ/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, নিউ স্কাটন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৭। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৮। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৯। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১০। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
- ১৪। প্রকল্প পরিচালক “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৭। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৮। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ১৯। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
- ২২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ২৩। অফিস কপি/গার্ড ফাইল।

শেখ শামছুর রহমান  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৭৭২৩৭